

বুঝিয়ে বলা

আজকাল অনেকে আকাশে থাকে; বাগানের গাছে জল দেয় মেঘ ধরে নিয়ে মেঘের কিনার ঘেঁসে বাড়ি, সিঁড়ি-টিরি না ভেঙ্গেই পৌঁছে যাওয়া যায় তাই হয়তো থাকে। আজকাল কেপমারি হয় নাকো ভিড় বাসে ট্রামে, কান ধরে কেড়ে নেয় পাড়ানির কড়ি, ক্রেডিট কার্ডেই নেয়; শ্রমের মূল্যও দেয় এটিএম-এ। মানুষের ভিড় ছোট দুবাই, জাপানে; কিনে নেয় উদ্ভূত সন্কে, আপনার সকাল কিংবা আমার সারাটা দিন; ওদের বিক্রি করে ছত্রিশ ঘণ্টা দৈনিক চটা সুদে; আট ঘণ্টা কাজ আজ স্মৃতি! আজকাল আশ্বাস দিয়ে দিয়ে তিন চার দশক বা আরও কিছু কাল কাটিয়ে দেওয়া যায়; কিডনিও খুলে নেয়, খুলে নেয় হাড় মাষ মাল--বিদেশ মন্ত্রক ছুটে মরে, নিউজে এডিট করে দেখায় শ্রমিকের কালো চামড়া; শর্ত সাপেক্ষেই বিজ্ঞাপনে সানস্ক্রিন লোশনে ভাসে সময়ের মুখ --সফট, হেলদি, সেক্সি --যাই হোক--এক হাতে কিনে অন্য হাতে বেচে দিলে কমিশন মেলে যা তাতে ঘুরে আসা যায় চিয়াং-মাই মরক্কো কিংবা নন্দীগ্রামে; তারপরেও কত কত মিডলম্যান সিঁড়ি-টিরি না ভেঙ্গেই পৌঁছে গিয়ে থাকে মেঘের কিনার ঘেঁসে। আফিম যুদ্ধের বই কতটুকু লেখে ভাইটি? মাটি কামড়ে পড়ে থেকে লাভ নেই অনেকেই বলে আজকাল, লড়াই সংগ্রাম শেষ; কোন দাবী নয়, যদি ক্রেডিট কার্ড না থাকে, যদি সেলফি তুলে ট্যাগ করতে না জান দাম নেই কোন। এটাই জপছে সকলে, বলছে শিল্পী বুদ্ধিজীবী সিভিল সোসাইটি কিংবা রোজ টিভির খেউরে -- দাঁও মেরে দিতে শেখ, মেরে দাও, আমাকেই দ্যাখোনা, দেখে শেখ, একমাত্র ব্রহ্ম সত্য সেকেলে ধারণা বড্ড, সাম্যের মত সব বুটো; সার সত্য মায়া আর মায়াবী বাজার --এড়াতে চেওনা একে লক্ষ্মী ভাইটি, শোন.....